# ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ৯৬তম বোর্ডসভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| তারিখ | ঃ | ৩০ সেপ্টেম্বর, ২০১০ |
| স্থান | ঃ | সভাকক্ষ, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। |
| সভাপতি | ঃ | কর্ণেল তানভির হাসান মজুমদার<br>প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড<br>ও<br>স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস। |

## সভায় উপস্থিত সদস্যবৃন্দ

(১) গ্রুপ ক্যাপ্টেন মোহাম্মদ ওয়াসেক ইকবাল খান মজলিশ, পিএসসি, জিডি(পি) — অনুপস্থিত
অধিনায়ক (প্রশাসনিক শাখা)
বিমানবাহিনী ঘাঁটি বাশার, ঢাকা সেনানিবাস
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(২) মেজর মোহাম্মদ মঈনুল ইসলাম — উপস্থিত
ভারপ্রাপ্ত সিএমইএস (আর্মি), ঢাকা সেনানিবাস
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(৩) মেজর মোঃ মসিউর রহমান, এএসসি — উপস্থিত
স্টেশন হেলথ অফিসার
প্রতিনিধি, কমান্ড্যান্ট
সম্মিলিত সামরিক হাসপাতাল, ঢাকা সেনানিবাস
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(৪) লেঃ কমান্ডার কামরুল আলম, (জি), বিএন — উপস্থিত
প্রতিনিধি, অধিনায়ক
বিএনএস হাজী মহসিন, ঢাকা সেনানিবাস
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(৫) ব্রিগেডিয়ার জেনারেল (অবঃ) মোঃ মোতাহার হোসেন — উপস্থিত
বাড়ী#১৮৬, রোড#৩, ডিওএইচএস বারিধারা, ঢাকা সেনানিবাস
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(৬) জনাব হেলাল উদ্দিন আহমেদ — উপস্থিত
বাড়ী#১৯, রোড#৩, ক্যান্টনমেন্ট বাজার এলাকা
ঢাকা সেনানিবাস
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(৭) শাহ্ এমদাদ মাইনুল আমিন — অনুপস্থিত
সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট
জেলা প্রশাসক এর কার্যালয়, ঢাকা
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

এছাড়া সভায় বিশেষ আমন্ত্রণে উপস্থিত ছিলেন ব্রিগেঃ জেনাঃ আহমেদ ইমরুল কায়েস, এনডিইউ, পিএসসি (অবঃ), সেক্রেটারী, বনানী ডিওএইচএস পরিষদ, মেজর খন্দকার নুরুল আফসার (অবঃ), সেক্রেটারী, মহাখালী ডিওএইচএস পরিষদ, লেঃ কর্নেল এম আব্দুর রব (অবঃ), সেক্রেটারী, বারিধারা ডিওএইচএস পরিষদ এবং লেঃ কর্ণেল মোঃ শায়েরুজ্জামান, পিএসসি (অবঃ), সেক্রেটারী, মিরপুর ডিওএইচএস পরিষদ।

*চলমান পাতা-২*

সভার শুরুতেই উপস্থিত সদস্য এবং আমন্ত্রিত অতিথিবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভায় আলোচ্যসূচীর উপর বিস্তারিত আলোচনান্তে নিম্নেবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয় ঃ-

আলোচ্যসূচী-১ ঃ গত ৩১ আগস্ট, ২০১০ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও দৃঢ়করণ।

আলোচনা ঃ গত ৩১ আগস্ট, ২০১০ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী সভায় বিস্তারিত পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে উক্ত সভার কার্যবিবরণী অনুমোদন করা যেতে পারে মর্মে সভায় সর্বসম্মত মত প্রকাশ করা হয়।

গৃহীত সিদ্ধান্ত ঃ গত ৩১ আগস্ট, ২০১০ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনান্তে দৃঢ়করণ করা হলো।

আলোচ্যসূচী-২ ঃ আগস্ট, ২০১০ মাসের রাজস্ব আদায়/বকেয়ার হালনাগাদ তথ্যাদি অবলোকন।

আলোচনা ঃ বিষয়টির উপর পর্যালোচনায় দেখা যায় যে, ২০১০-২০১১ আর্থিক সালে গৃহকর বাবদ মোট চলতি দাবী ২৩৭০০০০০.০০টাকা এবং পূর্ববর্তী বছরের বকেয়া ৭৩১১৮৬৮.০০ টাকাসহ সর্বমোট দাবী ৩১০১১৮৬৮.০০ টাকার মধ্যে ৩১ আগস্ট, ২০১০ তারিখ পর্যন্ত মোট আদায় হয়েছে ২৯০০০৯৫.০০ টাকা। যার মধ্যে আগস্ট, ২০১০ মাসে ক্যান্টনমেন্ট বাজার এলাকার গৃহকর বাবদ ২৩১৭২২.০০ টাকা, ডিওএইচএস বনানী এলাকার গৃহকর বাবদ ৩৪৩৭৫৬.০০ টাকা, ডিওএইচএস মহাখালী এলাকার গৃহকর বাবদ ৯৮৬৩৫৫.০০ টাকা, ডিওএইচএস বারিধারা এলাকার গৃহকর বাবদ ১০৬৮৬৯০.০০ টাকা, ডিওএইচএস মিরপুর এলাকার গৃহকর বাবদ ২৮২৭৮.০০ টাকা, কচুক্ষেত এলাকার গৃহকর বাবদ ২৪১২৯৪.০০ টাকা আদায় হয়েছে। এছাড়াও রজনীগন্ধা সুপার মার্কেটের দোকান ভাড়া বাবদ ২২৪৩৪৯৮.০০ টাকা আদায় করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ আগস্ট, ২০১০ মাসের রাজস্ব আদায় সন্তোষজনক মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্যসূচী-৩ ঃ আগস্ট, ২০১০ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, আগস্ট, ২০১০ মাসে ক্যান্টনমেন্ট বোর্ডের আয় হয়েছে ১০,২০,৬১,৯৩৯.০০ টাকা এবং ব্যয় হয়েছে ১০,২০,৬১,৯৩৯.০০ টাকা।

সিদ্ধান্ত ঃ আগস্ট, ২০১০ মাসের আয় ও ব্যয়ের হিসাব বিবরণী অনুমোদন করা হলো।

আলোচ্যসূচী-৪ ঃ ২০০৯-২০১০ আর্থিক সালের বাৎসরিক হিসাব বিবরণী অবলোকন।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে ২০০৯-২০১০ আর্থিক সালে বাজেট বরাদ্দ হয়েছে ৩৪,৮১,১৭,০০০.০০ টাকা এবং জুলাই, ২০০৯ হতে জুন, ২০১০ পর্যন্ত ব্যয় হয়েছে ৩৬,০৪,৯২,৯৯৫.৮৮ টাকা।

সিদ্ধান্ত ঃ ২০০৯-২০১০ আর্থিক সালের বাৎসরিক হিসাব বিবরণী অবলোকন করা হলো।

চলমান পাতা-৩

আলোচ্যসূচী-৫ ঃ আগস্ট, ২০১০ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবলোকন।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা সেনানিবাসে পরিষ্কার-পরিচ্ছন্নতা সন্তোষজনক অবস্থায় আছে। কিন্তু মশক, পোঁকা মাকড়/কীটপতঙ্গ নিধনের জন্য সকাল-বিকাল ঠিকমত স্প্রে করা হচ্চে না। যার ফলে মশা-মাছি, পোঁকা মাকড়/কীটপতঙ্গের উপদ্রব বাড়ছে।

সিদ্ধান্ত ঃ মশক, পোঁকা মাকড়/কীটপতঙ্গের উপদ্রব থেকে রক্ষা পাওয়ার জন্য সকাল-বিকাল ঠিকমত স্প্রে করার জন্য ক্যান্টনমেন্ট বোর্ড এবং স্টেশন হেলথ অর্গানাইজেশনকে অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৬ ঃ ঢাকা সেনানিবাসস্থ নিম্নবর্ণিত প্লট/ফ্ল্যাট বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রসংগে।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২১ নং প্লটে নির্মিত বাড়ীর ১৩৭২ বর্গফুট বিশিষ্ট বিএস-৩ নং ফ্ল্যাট এবং ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪৩/বি নং প্লটে নির্মিত বাড়ীর ১৪৪৯ বর্গফুট বিশিষ্ট ৪-এ নং ফ্ল্যাটটি প্রস্তাবিত ক্রেতার অনুকূলে বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের নিমিত্তে সংশ্লিষ্ট প্লট মলিকগণ আবেদন করেন। সে মোতাবেক নিরাপত্তা ছাড়পত্রের জন্য প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরে প্রেরণ করা হলে প্রস্তাবিত ক্রেতাগণের অনুকূলে নিরাপত্তা ছাড়পত্র প্রদান করা হয়েছে। আলোচ্য প্লট দুইটিতে নির্মিত বাড়ীর কোন অননুমোদিত নির্মাণ ও অতিরিক্ত জমি নেই এবং ফ্ল্যাটটি দুইটির বাৎসরিক গৃহকর ৯,০০০/- টাকা যা জুন, ২০১১ পর্যন্ত পরিশোধ করা হয়েছে। বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নবর্ণিত প্লট/ফ্ল্যাটের বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদান করা যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয় ঃ-

| ক্রমিক নং | প্লট/ফ্ল্যাট নম্বর ও এলাকার নাম | বিক্রেতার/আবেদনকারীর নাম ও ঠিকানা এবং আবেদনের তারিখ | ক্রেতার নাম ও ঠিকানা | ডিজিএফআই এর ছাড়পত্র নম্বর ও তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| (১) | বাড়ী#২১, ফ্ল্যাট#বিএস-৩, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | জনাব এনামুল হক ও জনাব এমদাদুল হক বাড়ী#২১, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। তাং- ১৮/৫/২০১০ | জনাব মোঃ আতাউর রহমান প্রধান পিতা- মৃত আফতাব উদ্দিন প্রধান বাড়ী#২৩/বি, রোড#২/এ, ফ্ল্যাট#২০২ ক্যান্টনমেন্ট বাজার এলাকা ঢাকা সেনানিবাস। | ২৫ আগস্ট, ২০১০ তারিখের ১৩০০/১২০/৫৭/৫ নং পত্র। | অননুমোদিত নির্মাণ নেই। আলোচ্য ফ্ল্যাটটির বাৎসরিক গৃহকর ৯,০০০/- টাকা এবং তা জুন, ২০১১ পর্যন্ত পরিশোধ করা হয়েছে। |
| (২) | বাড়ী#৪৩/বি, ফ্ল্যাট#৪-এ, রোড#৯, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | জনাব এস এম মিজানুর রহমান বাড়ী#৪৩/বি, ফ্ল্যাট#৪-এ, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | বেগম আয়শা আলম স্বামী- মৃত কামরুল আলম বাড়ী#৪৩/বি, ফ্ল্যাট#৪-বি, রোড#৯, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | ১৪ সেপ্টেম্বর, ২০১০ তারিখের ১৩০০/১২০/৫৭/৫ নং পত্র। | অননুমোদিত নির্মাণ নেই। আলোচ্য ফ্ল্যাটটির বাৎসরিক গৃহকর ৯,০০০/- টাকা এবং তা জুন, ২০১১ পর্যন্ত পরিশোধ করা হয়েছে। |

সিদ্ধান্ত ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২১ নং প্লটে নির্মিত বাড়ীর ১৩৭২ বর্গফুট বিশিষ্ট বিএস-৩ নং ফ্ল্যাট এবং ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪৩/বি নং প্লটে নির্মিত বাড়ীর ১৪৪৯ বর্গফুট বিশিষ্ট ৪-এ নং ফ্ল্যাটটি সংশ্লিষ্ট ক্রেতাদ্বয়ের অনুকূলে বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৭ ঃ ঢাকা সেনানিবাসস্থ বিভিন্ন প্লট/ফ্ল্যাট নামজারী প্রসংগে।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১১২ নং প্লটে নির্মিত বাড়ীর ৯০০ বর্গফুট বিশিষ্ট বাড়ীটি অত্র দপ্তরের ১০ আগস্ট, ২০০৬ তারিখের ঢাক্যাবো/ক্যাঃবাঃএঃ/১১২/২১১ নং পত্রের মাধ্যমে তিন পুত্র (১) জনাব মোঃ নূরুল ইসলাম, (২) জনাব মোঃ শফিকুল ইসলাম এবং (৩) জনাব মোঃ জহিরুল ইসলাম-ত্রয়ের নামে দানপত্র/হেবা রেজিস্ট্রি করার অনুমতি প্রদান করা হয়। তৎপ্রেক্ষিতে জনাব হাজী মোঃ আব্দুস সালাম রেজিস্ট্রিকৃত দানপত্র/হেবা দলিলের কপিসহ তাঁর তিন পুত্রের নামে নামজারীর জন্য গত ১১ জুলাই, ২০১০ তারিখে অত্র দপ্তরে আবেদন করেন। উক্ত প্লটের বার্ষিক গৃহকর ৪,০০০/- টাকা জুন, ২০১০ পর্যন্ত পরিশোধ আছে। উল্লেখ্য যে, উক্ত প্লটে ক্যান্টনমেন্ট বোর্ডের জমি দখল করে ক্যান্টিলিভার বারান্দা নির্মাণ করা হয়েছে মর্মে অত্র দপ্তরের প্রকৌশল শাখা হতে মতামত প্রদান করা হয়েছে ঃ-

চলমান পাতা-৪

| ক্রমিক নং | প্লট/ফ্ল্যাট নম্বর ও এলাকার নাম | আবেদনকারীর নাম, ঠিকানা ও তারিখ | ডিজিএফআই এর ছাড়পত্র নম্বর ও তারিখ | বিক্রয়/হস্তান্তর অনুমতি পত্রের নং ও তারিখ | মন্তব্য |
| --- | --- | --- | --- | --- | --- |
| (১) | বাড়ী#১১২ (শপ প্লট), রোড#৪ ক্যান্টনমেন্ট বাজার এলাকা ঢাকা সেনানিবাস। | হাজী মোঃ আব্দুছ সালাম বাড়ী#১১২ (শপ প্লট), রোড#৪ ক্যান্টনমেন্ট বাজার এলাকা ঢাকা সেনানিবাস। | - | - | উত্তরাধিকার সূত্রে রেজিস্ট্রিকৃত দানপত্র দলিল মূলে অননুমোদিত নির্মাণ নেই। বাৎসরিক গৃহকর ৪,০০০/- টাকা এবং তা জুন, ২০১০ পর্যন্ত পরিশোধ করা হয়েছে। |

সিদ্ধান্ত ঃ উপরোল্লিখিত বাড়ীটির অননুমোদিত নির্মাণ অপসারণ/নিয়মিত করার পর নামজারীর বিষয়টি বিবেচনা করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৮ ঃ রজনীগন্ধা সুপার মার্কেটের বি-৪৭ নং দোকানের সালামী পুনঃনির্ধারণ প্রসংগে।

আলোচনা ঃ রজনীগন্ধা সুপার মার্কেটের বি-৪৭ নং দোকানটি সামরিক কোটায় ১২/১১/১৯৮৭ সনে নৌ বাহিনীর অনাঃ সাব লেঃ মোঃ আনোয়ারুল কাদির এর নামে বরাদ্দ করা হয়। সর্বশেষ ১১/১১/০৭ তারিখে উক্ত দোকানের মেয়াদ ১০ বছরের জন্য উত্তীর্ণ হয়। পুনরায় ০৩ (তিন) বছর মেয়াদে বরাদ্দের জন্য ১,০০,০০০/-(এক লক্ষ) টাকা সালামী নির্ধারণ করা হয় এবং অত্র দপ্তরের ১০/২/১০ তারিখের ঢাক্যাবো/রঃগঃসুঃমাঃ/বি-৪৭/৭ নং পত্রে সালামীর টাকা পরিশোধের জন্য অনুরোধ করা হয়, কিন্তু অদ্যাবধি উক্ত দোকানের সালামীর টাকা পরিশোধ করা হয়নি। অধিকন্তু বরাদ্দ গ্রহীতার ছেলে জনাব মোঃ আসাদুজ্জামান ১৬/৮/১০ তারিখের আবেদনে ধার্যকৃত সালামী কমানোর জন্য অনুরোধ জানিয়েছেন। সরেজমিনে পরিদর্শন করে দেখা গিয়েছে যে, দোকানটি রজনীগন্ধা সুপার মার্কেটস্থিত গ্রুপ টয়লেটের পাশে অবস্থিত। পর পর ০২ দিন গিয়ে উক্ত দোকানটি বন্ধ পাওয়া গিয়েছে। জানা গিয়েছে দোকানটি সামান্য টাকায় গুদাম হিসেবে ভাড়া দেয়া হয়েছে।

সিদ্ধান্ত ঃ রজনীগন্ধা সুপার মার্কেটের বি-৪৭ নং দোকানের সালামী বিশেষ বিবেচনায় ৩ বছরের জন্য ৫০,০০০/- (পঞ্চাশহাজার) টাকা পুনঃনির্ধারণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৯ ঃ বারিধারা ডিওএইচএস এলাকার ১৮৭ নং বাড়ীর ঠিকানায় সিকিউরিটি সার্ভিসেস ব্যবসার ট্রেড লাইসেন্স নবায়ন প্রসংগে।

আলোচনা ঃ মেজর আব্দুস সাত্তার খান (অবঃ) বারিধারা ডিওএইচএস এলাকার ১৮৭ নং বাড়ীর ঠিকানায় দি পেন্টাগন নামক প্রতিষ্ঠানের সিকিউরিটি সার্ভিস এন্ড জেনারেল ট্রেডিং ব্যবসার ট্রেড লাইসেন্স নবায়নের জন্য অত্র দপ্তরে ২১/৭/১০ তারিখে আবেদন করেছেন। উল্লেখ্য যে, ট্রেড লাইসেন্স সংক্রান্ত সেনাসদর কিউএমজি'স শাখা, এমএন্ডকিউ পরিদপ্তর, ঢাকা সেনানিবাসের ১৫ অক্টোবর, ০৬ তারিখের ৩৯১৭/৪/ডিএইচএস/এমবিডি-২ নং পত্রের মাধ্যমে ট্রেড লাইসেন্স প্রদান সংক্রান্ত নীতিমালায় সিকিউরিটি সার্ভিস ব্যবসার অনুকূলে ট্রেড লাইসেন্স প্রদানের কোন নির্দেশনা না থাকায় ইতোপূর্বে সিকিউরিটি সার্ভিস সম্পর্কীয় ট্রেড লাইসেন্স ইস্যু/নবায়ন করা হয়নি।

সিদ্ধান্ত ঃ বারিধারা ডিওএইচএস এলাকার ১৮৭ নং বাড়ীর ঠিকানায় সিকিউরিটি সার্ভিসেস ব্যবসার ট্রেড লাইসেন্স নবায়ন না করার সিদ্ধান্ত গৃহীত হলো।

চলমান পাতা-৫

আলোচ্যসূচী-১০ ঃ ডিওএইচএস সমূহে স্বনির্ধারণী পদ্ধতিতে গৃহকর নির্ধারণ সংক্রান্ত বিষয়ে অডিট আপত্তি প্রসংগে।

আলোচনা ঃ সেনাসদর কিউএমজি শাখা, এমএন্ডকিউ পরিদপ্তর, ঢাকা সেনানিবাসের সম্মেলন কক্ষে গত ৬/১০/০৯ তারিখে অনুষ্ঠিত আলোচনা সভার ৭ নং আইটেমে ঢাকা সেনানিবাসের ডিওএইচএস এলাকায় স্ব-নির্ধারনী পদ্ধতিতে গৃহকর নির্ধারণের নিমিত্তে একটি নীতিমালা প্রনয়ন করা হয় এবং তদীয় ১৯/১০/০৯ তারিখে ৩৯১৭/আর/ডিওএইচএস/ এমকিউ-২ নং পত্রে উক্ত নীতিমালার আলোকে কার্যক্রম গ্রহন করার জন্য বলা হয়। বিষয়টি গত ১৭/১১/০৯ তারিখে অনুষ্ঠিত বোর্ড সভার আলোচ্যসূচী-০৮ এর মাধ্যমে উপস্থাপন করা হলে প্রস্তাবিত গৃহকরের হার সরকারী অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। তৎপ্রেক্ষিতে অত্র দপ্তরের ২৪/১/১০ তারিখে ঢাক্যাবো/কর/সাধাঃ/রুল/খন্ড-২/১৭০ নং পত্রে স্ব-নির্ধারণী পদ্ধতিতে গৃহকর নির্ধাররণের নীতিমালা অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হয়।

সেনাসদর কিউএমজি শাখা, এমএন্ডকিউ পরিদপ্তর, ঢাকা সেনানিবাসের ০৩/২/১০ তারিখে ৩৯১৭/৮/১/ ডিওএইচএস/এমকিউ-২ নং পত্রের 'ঙ' অনুচ্ছেদে নিম্নোক্ত সিদ্ধান্ত হয় ঃ-

*"গৃহকর হার পুনঃ নির্ধারণ, স্ব-নির্ধারনী পদ্ধতিতে গৃহকর প্রদান এবং ৩১ ডিসেম্বরের পূর্বে গৃহকর পরিশোধে ১০% রেয়াত সুবিধা সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। বিষয়টি ক্যান্টনমন্টে বোর্ড সভায় উপস্থাপনের অপেক্ষায় রয়েছে। ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকা বোর্ডের সভায় দ্রুত অনুমোদন করতঃ এব্যাপারে কার্যকরী ব্যবস্থা গ্রহন এবং সংশ্লিষ্ট সকলকে অবহিত করবে। এ বিষয়ে ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক প্রতিরক্ষা মন্ত্রণালয়ে অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরিত পূর্বের চিঠিটি বাতিল করবে। উল্লেখ্য যে, মন্ত্রণালয় কর্তৃক সকল ডিওএইচএস এর অনুকুলে উন্নয়ন খাতে বরাদ্দ পাওয়া গেলে গৃহকর পরিশোধ রহিত করার বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে বিবেচনা করা হবে।"*

তৎপ্রক্ষিতে বিষয়টি ২৮/২/২০১০ তারিখের বোর্ড সভার আলোচ্যসূচী -৮ এর মাধ্যমে উপস্থাপন করা হলে বোর্ড নিম্নোক্ত সিদ্ধান্ত প্রদান করে ঃ-

*"সেনাসদর কিউএমজি শাখা, এমএন্ডকিউ পরিদপ্তর, ঢাকা সেনানিবাসের ০৩ ফেব্রুয়ারি, ২০১০ তারিখের ৩৯১৭/৮/১/ডিওএইচএস/এমকিউ-২ নং পত্রের নির্দেশনার আলোকে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ২৪ জানুয়ারি, ২০১০ তারিখের ঢাক্যাবো/কর/সাধাঃ/রুল/খন্ড-২/১৭০ নং পত্রটি বাতিল করা হলো এবং সেনাসদর কিউএমজি শাখা, এমএন্ডকিউ পরিদপ্তরের ০৬/১০/২০০৯ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তের আলোকে গৃহকর নির্ধারণ করার সিদ্ধান্ত গৃহীত হলো। বিষয়টি সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হোক।"*

উপরোক্ত সিদ্ধান্তটি অত্র দপ্তরের ২১/৩/১০ তারিখের ঢাক্যাবো/কর/সাধাঃ/রুল/খন্ড-২/১৭৯ নং পত্রে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরকে অবহিত করা হয় এবং বোর্ড সভার সিদ্ধান্ত মোতাবেক অত্র দপ্তরের ২৪/১/১০ তারিখের ঢাক্যাবো/কর/সাধাঃ/রুল/খন্ড-২/১৭০ নং পত্রটি বাতিল করার জন্য অনুরোধ করা হয় ও তখন হতে স্ব-নির্ধারণী পদ্ধতিতে গৃহকর নির্ধারণ করে তা আদায় করা হচ্ছে।

২০০৯-২০১০ আর্থিক সালের ক্যান্টনমেন্ট বোর্ডের আয় ব্যয়ের হিসাব নিরীক্ষাকালে অডিট দল কর্তৃক উক্ত স্ব-নির্ধারণী পদ্ধতিতে গৃহকর নির্ধারনের ব্যাপারে নিম্নোক্ত আপত্তি উপস্থাপন করে ঃ-

*"ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকা কার্যালয়ের ২০০৯-২০১০ আর্থিক সনের হিসাব নিরিক্ষাকালের এসেসমেন্ট রেজিষ্ট্রার, কর নির্ধারণ ও ডিমান্ড রেজিষ্ট্রার পর্যালোচনায় পরিলক্ষিত হয় যে, বারিধারা ডিওএইচএস, মহাখালী ডিওএইচএস এর কর নির্ধারণী রেকর্ড পত্রে দেখা যায় THE BANGLADESH GAZETTE MARCH-১০ ১৯৮৬ AND GAZETTE NOTIFICATION NO-৪৩৩/৫৫, DT. ০৩/৬/১৯৫৫, SUB SECTION(1) OF SECTION 60 OF THE CANTONMENTS ACT-১৯২৪(১১ OF ১৯২৪) এর নির্দেশনা মোতাবেক হোল্ডিং কর নির্ধারণ না করে ক্যান্টনমেন্ট বোর্ড সভায় ৩১ আগষ্ট, ২০০৯ তারিখে গৃহকর হার পুন নির্ধারণ করেন। ১। ইজারা গ্রহীতা/প্লট মালিক/বৈধ উত্তরাধীকারীর জন্য ১টি ফ্লোর এমইএস সিডিউল অফ রেটস্ ১৯৮০ অনুসারে আনুমানিক ২৫৪০ বর্গফুটের জন্য ৬৫০০/- টাকা বার্ষিক কর। অবশিষ্ট ফ্লোরের জন্য (ক) বনানী ডিওএইচএস প্রতি বর্গফুট ৩.৭২ টাকা (ভাড়া), (খ) মহাখালী ডিওএইচএস এর প্রতি বর্গফুট ৩.৩৩ টাকা (গ) বারিধারা ডিওএইচএস প্রতি বর্গফুট ২.৯৩ টাকা (ঘ) মিরপুর ডিওএইচএস ২.১২ টাকা প্রতি বর্গফুটের ভাড়া নির্ধারণ পূর্বক বার্ষিক কর নির্ধারণ করা হয়েছে। যাহা পূর্বের উল্লেখিত Taxation rules এর সাথে সামঞ্জস্য পূর্ণ নহে। ফলে ট্যাক্স বাবদ ১৬,৭০,৯২৮ টাকা বোর্ডের রাজস্ব ক্ষতি হয়েছে। উল্লেখ উক্ত সময়ের ঢাকা সিটি কর্পোরেশন কর্তৃক হোল্ডিং এর অবস্থান, কোয়ালিটি, এলাকা ভিত্তিক সরেজমিনে যাচাই পূর্বক গৃহকর নিধারণের জন্য প্রতি বর্গফুট বর্ণিত এলাকা ১২ টাকা-১৪ টাকা এবং ১১-১২ টাকা, এবং ৯ টাকা-১০ টাকা নির্ধারণ করা হয়েছে। যাহা বোর্ড কর্তৃক নির্ধারিত করের ৪গুণ বেশী।*

*এখানে নিরীক্ষা জিজ্ঞাসা হলো কতিপয় এলাকায় নির্ধারিত ব্যক্তিগনের জন্য পৃথক/আলাদা কর নির্ধারণের বিষয়টি কোন সরকারী অনুমোদন প্রাপ্ত Taxation rules এর আওতাভুক্ত কিনা এবং কোন প্রাধিকার বলে উক্ত ট্যাক্স নির্ধারণ করা হচ্ছে।"*

সিদ্ধান্ত ঃ সেনাসদর, কিউএমজি শাখা, এমএন্ডকিউ পরিদপ্তর, ঢাকা সেনানিবাসের সম্মেলন কক্ষে ০৬ অক্টোবর, ২০১০ তারিখে কিউএমজি মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় পরিচালক, সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর, কমান্ডার, সদর দপ্তর লজিস্টিকস্ এরিয়া, ঢাকা সেনানিবাস, স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস, সামরিক ভূ-সম্পত্তি প্রশাসক, ঢাকা সেনানিবাস, ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা সেনানিবাস এবং ডিওএইচএস পরিষদ, বনানী, মহাখালী, বারিধারা ও মিরপুরের প্রতিনিধিগণের উপস্থিতিতে ট্যাক্স নির্ধারণের নীতিমালা প্রণয়ন করা হয়। উক্ত নীতিমালার আলোকে ০২ মাসের ভাড়া রক্ষণাবেক্ষণ খরচ বাদে অবশিষ্ট ১০ মাসের ভাড়ার উপর ১২½% হারে ০৩ জুন, ১৯৫৫ তারিখের ৪৩৩/৫৫ নং গেজেট নোটিফিকেশন মোতাবেক গৃহকর ধার্য করা হয়। উক্ত সিদ্ধান্তের আলোকে ক্যান্টনমেন্ট বোর্ড হতে নিষ্পত্তিমূলক জবাব অডিট অধিদপ্তরে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

*চলমান পাতা-৬*

আলোচ্যসূচী-১১ ঃ আইএসপিআর পরিদপ্তরের জন্য স্থায়ী অফিস ভবন নির্মাণের নিমিত্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৯/এ নং প্লটটি বরাদ্দ/হস্তান্তর প্রসংগে।

আলোচনা ঃ ঢাকা সেনানিবাস বাজার এলাকার ৫৪৪৫ বর্গফুট বা ৭.৫৬ কাঠা বিশিষ্ট ৯/এ নং বাড়ীটি প্রতিরক্ষা মন্ত্রণালয়ের ৫/৮/১৯৮৪ তারিখের ১প্র-২৫/৮৩/ডি-৯/২৫৬ নং পত্রের প্রাধিকারে বাংলাদেশ সেনাবাহিনীর অনূকুলে ন্যাস্ত করা হয়। পরবর্তীতে প্রতিরক্ষা মন্ত্রণালয়ের ২৫/৯/১৯৮৮ তারিখের ১ভা-৪/৮৪/ডি-৯/২৪৩ নং পত্র মূলে উক্ত বাড়ীটি প্রতিরক্ষা বিজ্ঞান সংস্থা বরাবর বরাদ্দ দেয়া হয়। প্রতিরক্ষা মন্ত্রণালয়ের ০১/১০/৯৬ তারিখের ১প্র-৭/ডি-৯/৯৬/৫৭৯ নং পত্র মূলে বাড়ীটি আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তরের অফিস ভবন হিসেবে ব্যবহারের জন্য তাদের নিজস্ব ভবন তৈরী না হওয়া পর্যন্ত সাময়িকভাবে বরাদ্দ দেয়া হয়। কিন্তু এ প্লটের এক অংশে প্রতিরক্ষা বিজ্ঞান সংস্থার একটি টিনসেড বিসিএসআইআর এর দখলে থাকায় ২২/১১/০৪ তারিখে প্রতিরক্ষা সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্টিত সভায় বাড়ীটির একাংশে রক্ষিত প্রতিরক্ষা বিজ্ঞান সংস্থার মালামাল এবং সাজ সরঞ্জাম (অস্থাবর সম্পত্তি) ৩১/১২/০৪ তারিখের মধ্যে বিসিএসআইআর/বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয় সরিয়ে নেবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত সিদ্ধান্ত মোতাবেক টিনসেড হতে ভবনটির মালামাল ৩১/১২/০৪ তারিখে বিসিএসআইআর কর্তৃক সরিয়ে নেয়ার পর ক্যান্টনমন্টে বোর্ড, ঢাকা কর্তৃক বুঝে নেয়া হয়। অতঃপর ক্যান্টনমন্টে একজিকিউটিভ অফিসার, ঢাকা সেনানিবাস উক্ত ভবনটির দখল আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তরের নিকট হস্তান্তরের বিষয়ে ২৫/১/২০০৫ তারিখে নির্দেশনা চাওয়ার প্রেক্ষিতে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর হতে ০২/২/২০০৫ তারিখের ৭/এমএলএন্ডসি/ঢাকা/১৪১-৯/এ/শা-৩/৭৭ নং পত্র মূলে প্রতিরক্ষা মন্ত্রণালয়ের নিকট এ বিষয়ে সিদ্ধান্ত/ নির্দেশনা চাওয়া হয়। প্রতিরক্ষা মন্ত্রণালয় হতে ১৩/২/২০০৫ তারিখে ১প্র-৭/ডি-৯/৯৬/৭৯ নং পত্র মূলে এ বিষয়ে সুস্পষ্ট মতামতসহ প্রস্তাব প্রেরণের নির্দেশ দেয়া হয় । ঢাকা সেনানিবাস বাজার এলাকার ৯/এ নং বাড়ীটি সেনাবাহিনীর পুলে অন্তর্ভূক্ত ছিল বিধায় বর্তমান প্রেক্ষাপটে বাড়ীটি আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তরের অনুকুলে ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক বুঝিয়ে দেয়ার ব্যাপারে মতামত চাওয় হয়। পরবর্তীতে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ২৩/৪/০৫ তারিখের ৭/এমএলএন্ডসি/ঢাকা/১৪১-৯/এ/শা-৩/৯০ নং পত্রে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৯/এ নং বাড়ীর একাংশে অবস্থিত টিনসেড (সেমিপাকা বিল্ডিং) দখল আন্ত ঃবাহিনীর জনসংযোগ পরিদপ্তরকে অবিলম্বে হস্তান্তরের জন্য ক্যান্টনমেন্ট বোর্ডকে নির্দেশ প্রদান করা হয়। তদানুযায়ী অত্র দপ্তর কর্তৃক উক্ত বাড়ীটি ২৩/৪/০৫ তারিখে ক্যান্টনমন্টে বাজার এলাকার ৯/এ বাড়ী সংলগ্ন টিনসেড (সেমিপাকা বিল্ডিং)বাড়ীটি আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তরের প্রতিনিধির নিকট হস্তান্তর করা হয়। রেকর্ড পর্যালোচনায় দেখা যায়, এমইও, ঢাকা সেনানিবাসের ২৪/৬/২০০৮ তারিখের বিডি/এলসি/২৩৩৪/ ২০০২/১০ নং পত্রে সেনাসদর, কিউএমজি শাখা, এমএন্ডকিউ পরিদপ্তর, ঢাকা সেনানিবাসকে জানানো হয়েছে যে, বর্নিত জমি 'সি' শ্রেনীভূক্ত ক্যান্টনমেন্ট বোর্ডের নিয়ন্ত্রণাধীন সম্পত্তি বিধায় আলোচ্য জমি 'সি' শ্রেনী হতে 'এ-১' শ্রেনীতে রূপান্তর করে আইএসপিআর পরিদপ্তরের স্থায়ী অফিস ভবন নির্মাণের লক্ষ্যে বরাদ্দ/হস্তান্তরের জন্য ক্যান্টনমেন্ট বোর্ডের মাধ্যমে প্রস্তাব করতে হবে। আইএসপিআর পরিদপ্তরের ৮/৪/২০০৯ তারিখের স-৭৬/২০০৯/০৫ নং পত্রে জানান যে, ঢাকা সেনানিবাসস্থ ১ নং সড়কে অবস্থিত ৯/এ নং বাড়ীটি আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তরকে বরাদ্দ দেয়া হয়। উক্ত বাড়ীর জায়গার পরিমান ০.১২৫ একর। উক্ত জায়গায় পরিদপ্তরের জন্য স্থায়ী অফিস ভবন নির্মানের প্রক্রিয়া বিবেচনাধীন আছে। কিন্তু জায়গার পরিমান কম বিধায় সুপরিসর অফিস ভবন নির্মাণ সম্ভব হবে না। এমতাবস্থায় পশ্চিম দিকে অবস্থিত পুকুরের দিক থেকে আরও ০.১২৫ একর জমিসহ মোট ০.২৫০ একর জমি আইএসপিআরকে স্থায়ীভাবে বরাদ্দের জন্য অনুরোধ করা হলো। ভূমির মান 'সি' ক্যাটাগরী থেকে 'এ' ক্যাটাগরীতে উন্নিত করার জন্য অনুরোধ করা হলো। বিষয়টি গত ২০/৪/২০০৯ তারিখে অনুষ্ঠিত বোর্ড সভার আলোচ্যসূচী-১৫ এর মাধ্যমে উপস্থাপন করা হলে এতদব্যাপারে বোর্ড নিম্নোক্ত সিদ্ধান্ত প্রদান করে ঃ-

*"বর্তমান প্রেক্ষাপটে প্রস্তাবিত জমিটি ইজারা/বরাদ্দ প্রদান না করার সিদ্ধান্ত গৃহীত হলো। বিষয়টি আইএসপিআর কর্তৃপক্ষকে অবহিত করা হোক।"*

উক্ত বোর্ড সিদ্ধান্তটি অত্র দপ্তরের ১৭/৫/২০০৯ তারিখের ঢাক্যাবো/ক্যাঃবাঃএঃ/৯-এ/৩৫৪ নং পত্রে আইএসপিআরকে অবহিত করা হয়েছে। আইএসপিআর তদীয় ২০/৯/২০১০ তারিখের স-৭৬/২০১০/০১ নং পত্রে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৯/এ বাড়ীর ০.১২৫ একর 'সি' শ্রেণীর জমিকে 'এ-১' শ্রেণীতে রূপান্তরিত করে হস্তান্তর করার জন্য অনুরোধ জানানা হয়েছে।

সিদ্ধান্ত ঃ গত ২০ এপ্রিল, ২০০৯ তারিখে অনুষ্ঠিত বোর্ড সভার আলোচ্যসূচী-১৫ এর সিদ্ধান্ত বলবৎ থাকায় সিদ্ধান্ত গৃহীত হলো।

চলমান পাতা-৭

আলোচ্যসূচী-১২ ঃ রজনীগন্ধা টাওয়ার, স্বাধীনতা সরণির মাথায় নির্মাণাধীন মার্কেট ও মহাখালী ডিওএইচএস অফিস-কাম-শপিং কমপ্লেক্স এর দোকান/অফিস স্পেস বরাদ্দের সর্বোচ্চ দর অনুমোদন প্রসংগে।

আলোচনা ঃ রজনীগন্ধা টাওয়ার, স্বাধীনতা সরণির মাথায় নির্মাণাধীন মার্কেট ও মহাখালী ডিওএইচএস অফিস-কাম-শপিং কমপ্লেক্স এর দোকান /স্পেস বরাদ্দ প্রদানের নিমিত্তে দৈনিক প্রথম আলো, দি ডেইলী ষ্টার ও দৈনিক কালের কণ্ঠ পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করে ০৬/৯/২০১০ তারিখে দরপত্র আহবান করা হলে তলা ভিত্তিক নিম্নোক্ত দোকান/স্পেস সমূহের দর পাওয়া যায় ঃ-

**রজনীগন্ধা সুপার মার্কেটস্থ 'রজনীগন্ধা টাওয়ার' নির্মিতব্য শপিং কমপ্লেক্সে দোকান বরাদ্দের প্রাপ্ত সর্বোচ্চ দরদাতাদের তালিকা ঃ**

নীচতলা - (১ম তলা)

| ক্রঃনং | দর দাতার নাম ও ঠিকানা | দোকান নম্বর | আয়তন | সরকারী দর প্রতি বর্গফুট | প্রদত্ত মোট দর | উদ্ধৃত দর প্রতি বর্গফুট | প্রাপ্ত দরপত্র |
|---|---|---|---|---|---|---|---|
| ১। | জনাব মোঃ ফজলুল হক<br>পিতা মৃত আঃ জব্বার মিয়া<br>বাড়ী নং-৬২, ফ্ল্যাট নং-এ/৪, রোড-৭, ব্লক- এইচ, বনানী, ঢাকা। | ১ম তলা-১৫ | ১৪৪.৭৯ | ১৫,০০০/- | ৩৩৩৫০০০/- | ২৩০৩৩/- | ০২ টি |
| ২। | জনাব আওরঙ্গজেব সিদ্দিকী (নান্নু)<br>পিতা মৃত আলাউদ্দিন প্রধান ১৪৮, উত্তর ইব্রাহিমপুর, কাফরুল, ঢাকা। | ১ম তলা -১৭ | ১৩৮.৪১ | ১৫,০০০/- | ৩১২১২৮৪/- | ২২৫৫১/- | ৩টি |

২য়তলা ঃ

| ক্রঃনং | দর দাতার নাম ও ঠিকানা | দোকান নম্বর | আয়তন | সরকারী দর প্রতি বর্গফুট | প্রদত্ত মোট দর | উদ্ধৃত দর প্রতি বর্গফুট | প্রাপ্ত দরপত্র |
|---|---|---|---|---|---|---|---|
| ১। | ব্রিগেঃ জেনাঃ মোঃ আবু বকর সিদ্দিকী (অবঃ)<br>পিতা-বরকত আলী<br>বাড়ী নং-১১, রোড নং-৮, সেক্টর-১<br>উত্তরা মডেল টাউন, ঢাকা-১২১৩। | ২য় তলা-১৮ | ১৩৬.৬৫ | ১৪,০০০/- | ২৮১৪৯৯০/- | ২০৬০০/- | ০৫ টি |

৩য়তলা ঃ

| ক্রঃনং | দর দাতার নাম ও ঠিকানা | দোকান নম্বর | আয়তন | সরকারী দর প্রতি বর্গফুট | প্রদত্ত মোট দর | উদ্ধৃত দর প্রতি বর্গফুট | প্রাপ্ত দরপত্র |
|---|---|---|---|---|---|---|---|
| ১। | লেঃ কর্নেল মুহাম্মদ দেলোয়ার হোসাইন(অবঃ)<br>পিতা- মৃত আলহাজ্ব তোফায়েল আহমেদ, বাড়ী নং-১৯৬, সড়ক নং-২(পূর্ব), ডিওএইচএস বারিধারা, ঢাকা সেনানিবাস। | ৩য় তলা-২৬ | ১৪৮.৫৯ | ১৩,০০০/- | ২২২৮৯৯৯/- | ১৫০০১ | ০২ টি |

**রজনীগন্ধা সুপার মার্কেটের স্বাধীনতা স্বরনীর মাথায় নির্মিতব্য মার্কেটের দোকান বরাদ্দের নিমিত্তে প্রাপ্ত সর্বোচ্চ দরদাতাদের তালিকাঃ**

রজনীগন্ধা সুপার মার্কেটস্থিত স্বাধীনতার সরণির মাথায় নির্মাণাধীন মার্কেটের দোকান বরাদ্দের জন্য দৈনিক যুগান্তর ও দৈনিক প্রথম আলো পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করে ১৪/১২/২০০৯ তারিখে দরপত্র আহবান করা হয়। উক্ত তারিখে প্রাপ্ত ১২ টি দোকানের সর্বোচ্চ দর ৩০ ডিসেম্বর,২০০৯ তারিখে অনুষ্ঠিত বোর্ড সভার আলোচ্যসূচী-১০ এর মাধ্যমে অনুমোদন করা হয়। তদানুযায়ী ৩য় তলার ০৪ টি দোকানের সর্বোচ্চ দরদাতা জনাব খালেকুজ্জামান এবং নিচ তলার-৪ নং দোকানের সর্বোচ্চ দরদাতা মিসেস আমেনা মোস্তফাকে প্রথম কিস্তির টাকা পরিশোধ করার জন্য একাধিকবার লিখিতভাবে অনুরোধ করা সত্বেও অদ্যাবধি উক্ত টাকা পরিশোধ করেনি। বিষয়টি গত ২৯ জুলাই, ২০১০ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভায় আলোচ্যসূচী-১৩ এর মাধ্যমে উপস্থাপন করা হলে বিস্তারিত আলোচনান্তে উল্লেখিত দোকানের বিপরীতে প্রদত্ত দরপত্র বাতিল করাসহ জামানত হিসেবে জমাকৃত টাকা বাজেয়াপ্ত করে পুনঃ দরপত্র আহ্বান করার সিদ্ধান্ত গৃহীত হলো। সে মোতাবেক পুনঃদরপত্র আহ্বান করা হলে নিম্নবর্ণিতভাবে দর পাওয়া যায় ঃ-

নীচতলা

| ক্রঃ/ নং | দর দাতার নাম ও ঠিকানা | দোকান নম্বর | আয়তন | প্রদত্ত মোট দর | প্রাপ্ত দরপত্র |
|---|---|---|---|---|---|
| ১। | নাজনীন আক্তার<br>পিতা- নাসির উদ্দিন মিয়া, ১৪৮ উত্তর ইব্রাহিমপুর, কাফরুল , ঢাকা। | নীচতলার-০৪ | ১১৫.৭৭ | ৩৫,০৮,২০০/- | ০৬ টি |

৩য় তলা

| ক্র/নং | দর দাতার নাম ও ঠিকানা | দোকান নম্বর | আয়তন | প্রদত্ত মোট দর | প্রাপ্ত দরপত্র |
|---|---|---|---|---|---|
| ১। | মোহাম্মদ আনোয়ারুল হক<br>পিতা-মৃত মোঃ মোজাম্মেল হক, ৪৮৮ পূর্ব কাফরুল, ঢাকা। | ৩য় তলার-০২ | ১১৫.৭৭ | ১৫,৩৫,৫০০/- | ০৩ টি |
| ২। | মোহাম্মদ আনোয়ারুল হক<br>পিতা-মৃত মোঃ মোজাম্মেল হক, ৪৮৮ পূর্ব কাফরুল, ঢাকা। | ৩য় তলার-০৩ | ১১৫.৭৭ | ১৫,৪০,৫০০/- | ০১ টি |
| ৩। | মোঃ মহিউদ্দিন<br>পিতা-মৃত জুবেদ আলী, ৪২ উত্তর কাফরুল, ঢাকা-১২০৬। | ৩য় তলার-০৪ | ১১৫.৭৭ | ১৬,০৯,৯৯৯/- | ০২ টি |

চলমান পাতা-৮

**মহাখালী ডিওএইচএস এলাকায় নির্মিতব্য অফিস-কাম-শপিং কমপ্লেক্সে স্পেস/দোকান বরাদ্দের নিমিত্তে প্রাপ্ত সর্বোচ্চ দরদাতাদের তালিকাঃ**

মহাখালী ডিওএইচএস এলাকায় নির্মিতব্য অফিস-কাম-শপিং কমপ্লেক্সে স্পেস/দোকান বরাদ্দের নিমিত্তে পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করে গত ২৬ জুলাই, ২০১০ তারিখে দরপত্র আহ্বান করা হলে ফার্ষ্ট ফ্লোরের এটিএম বুথ, ব্যাংক স্পেস ও দোকান নং-৩ এবং সেকেন্ড ফ্লোরের দোকান নং-৫ ও দোকান নং-১০ এর কোন দরপত্র পাওয়া যায়নি। উক্ত দোকানগুলি ইজারা প্রদানের নিমিত্তে পুনরায় ০৬ সেপ্টেম্বর, ২০১০ তারিখে দরপত্র আহবান করা হলে তথা ভিত্তিক নিম্নোক্ত দোকান/স্পেস সমূহের দর পাওয়া যায়। দরসমূহ পর্যালোচনায় জানা যায় যে, কিছু কিছু দোকানের বিপরীতে একাধিকবার দরপত্র আহ্বান করা হলেও একক দর পাওয়া যায় এবং উক্ত একক দরগুলি সরকারী দরের চেয়ে বেশী এবং পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ এর ৩০ ধারার আলোকে অনুমোদন করা যেতে পারে মর্মে সভায় সর্বসম্মতভাবে মত প্রকাশ করা হয়।

<u>ফার্ষ্ট ফ্লোর</u>

| ক্র/নং | দর দাতার নাম ও ঠিকানা | দোকান নম্বর | আয়তন | সরকারী দর প্রতি বর্গফুট | প্রদত্ত মোট দর | উদ্ধৃত দর প্রতি বর্গফুট | প্রাপ্ত দরপত্র | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১। | মেজর মোঃ শওকত হোসাইন(অবঃ)<br>পিতা-মৃত আলহাজ্ব মহব্বত আলী<br>বাসা-৩৮, রোড-১৮,সেক্টর-১১, উত্তরা,ঢাকা। | এটি এম বুথ | ১০৯.৬৫ | ১৫,০০০/- | ১৭,৫৪,৪০০/- | ১৬,০০০/- | ০১ টি | ২য় বার দরপত্র আহ্বান করা হয় |
| ২। | মেজর মোঃ শওকত হোসাইন(অবঃ)<br>পিতা-মৃত আলহাজ্ব মহব্বত আলী<br>বাসা-৩৮, রোড-১৮,সেক্টর-১১, উত্তরা,ঢাকা। | এটি এম বুথ | ১০৯.৬৫ | ১৫,০০০/- | ১৭,৫৪,৪০০/- | ১৬,০০০/- | ০১ টি | ২য় বার দরপত্র আহ্বান করা হয় |
| ৩। | লেঃ কর্ণেল সিরাজুল ইসলাম, বিপি (বার)<br>পিতা-মৃত সেখ আব্দুল করিম<br>১৯৬/এ,ডিওএইচএস মহাখালী, ঢাকা সেনানিবাস। | ব্যাংক স্পেস | ১৫০৮ | ১৫,০০০/- | ২,৬৯,৯৯,৯৮৬/- | ১৭,৯০৪/৫ | ০২টি | ২য় বার দরপত্র আহ্বান করা হয় |
| ৪। | জনাব নুরুল হক (সিআইপি)<br>পিতা-মৃত আব্দুর রহমান<br>এন মোহাম্মদ প্লাষ্টিক ইন্ডাষ্ট্রিজ লিঃ, ১৭৯/এ, সিডিএ এভিনিউ, মুরাদপুর, পোঃ-চান্দগাও, থানা-পাঁচলাইশ, চট্টগ্রাম-৪২১২। | ফার্ষ্ট ফ্লোর-৩ | ২৪৬.৩০ | ১৫,০০০/- | ৫৬,৬৪,৯০০/- | ২৩,০০০/- | ০৩টি | ২য় বার দরপত্র আহ্বান করা হয় |

<u>সেকেন্ড ফ্লোর</u>

| ক্র/নং | দর দাতার নাম ও ঠিকানা | দোকান নম্বর | আয়তন | সরকারী দর প্রতি বর্গফুট | প্রদত্ত মোট দর | উদ্ধৃত দর প্রতি বর্গফুট | প্রাপ্ত দরপত্র |
|---|---|---|---|---|---|---|---|
| ১। | মেজর মোঃ আলতাফ হোসেন<br>পিতা-মোজাফ্ফর হোসেন<br>৮৩/৩,মনিপুরীপাড়া,তেজগাও,ঢাকা ১২১৫। | সেকেন্ড ফ্লোর-৫ | ২৬৯.০১ | ১৪০০০/- | ২৫,২২,৪৩৫/-<br>(সরকারী দরের চেয়ে কম) | ৯০০৫/- | ০১ টি |
| ২। | লেঃ কর্ণের মোঃ রেজাউল করিম (অবঃ),<br>পিতা-মৃত আব্দুল হামিদ<br>ফ্ল্যাট নং-৫/সি, ২৬ মিতালী হাউজিং সোসাইটি, দক্ষিণ কাফরুল, ঢাকা। | সেকেন্ড ফ্লোর-১০ | ২৪৬.৩০ | ১৪০০০/- | ৩৫,০০,৭৭৭/- | ১৪২১৩/৪৬ | ০১ টি |

সিদ্ধান্ত ঃ (ক) রজনীগন্ধা সুপার মার্কেটস্থ 'রজনীগন্ধা টাওয়ার' নির্মিতব্য শপিং কমপ্লেক্সে দোকানসমূহের বিপরীতে প্রাপ্তদরসমূহ নিম্নবর্ণিতভাবে অনুমোদন করার সিদ্ধান্ত গৃহীত হলো ঃ-

| ক্র/নং | দর দাতার নাম ও ঠিকানা | দোকান নম্বর | আয়তন | সরকারী দর প্রতি বর্গফুট | প্রদত্ত মোট দর | উদ্ধৃত দর প্রতি বর্গফুট | প্রাপ্ত দরপত্র |
|---|---|---|---|---|---|---|---|
| ১। | জনাব মোঃ ফজলুল হক | ১ম তলা-১৫ | ১৪৪.৭৯ | ১৫,০০০/- | ৩৩৩৫০০০/- | ২৩,০৩৩/- | ০২ টি |
| ২। | জনাব আওরঙ্গজেব সিদ্দিকী (নান্নু) | ১ম তলা -১৭ | ১৩৮.৪১ | ১৫,০০০/- | ৩১২১২৮৪/- | ২২,৫৫১/- | ৩টি |
| ৩। | ব্রিগেঃ জেনাঃ মোঃ আবু বকর সিদ্দিকী (অবঃ) | ২য় তলা-১৮ | ১৩৬.৬৫ | ১৪,০০০/- | ২৮১৪৯৯০/- | ২০,৬০০/- | ০৫ টি |
| ৪। | লেঃ কর্নেল মুহাম্মদ দেলোয়ার হোসাইন(অবঃ) | ৩য় তলা-২৬ | ১৪৮.৫৯ | ১৩,০০০/- | ২২২৮৯৯৯/- | ১৫,০০১/- | ০২ টি |

(খ) রজনীগন্ধা সুপার মার্কেটের স্বাধীনতা স্বরনীর মাথায় নির্মিতব্য মার্কেটের দোকানের বিপরীতে প্রাপ্ত দরসমূহ নিম্নবর্ণিতভাবে অনুমোদান করার সিদ্ধান্ত গৃহীত হলো। প্রাপ্ত একক দরটি সন্তোষজনক বিবেচিত হওয়ায় পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ এর ৩০ ধারার আলোকে অনুমোদন করা হলো ঃ-

| ক্র/নং | দর দাতার নাম ও ঠিকানা | দোকান নম্বর | আয়তন | প্রদত্ত মোট দর | প্রাপ্ত দরপত্র |
|---|---|---|---|---|---|
| ১। | নাজনীন আক্তার | নীচতলার-০৪ | ১১৫.৭৭ | ৩৫,০৮,২০০/- | ০৬ টি |
| ২। | মোহাম্মদ আনোয়ারুল হক | ৩য় তলার-০২ | ১১৫.৭৭ | ১৫,৩৫,৫০০/- | ০৩ টি |
| ৩। | মোহাম্মদ আনোয়ারুল হক | ৩য় তলার-০৩ | ১১৫.৭৭ | ১৫,৪০,৫০০/- | ০১ টি |
| ৪। | মোঃ মহিউদ্দিন | ৩য় তলার-০৪ | ১১৫.৭৭ | ১৬,০৯,৯৯৯/- | ০২ টি |

*চলমান পাতা-৯*

(গ) মহাখালী ডিওএইচএস এলাকায় নির্মিতব্য অফিস-কাম-শপিং কমপ্লেক্সে স্পেস/দোকানের বিপরীতে প্রাপ্ত দরসমূহ নিম্নবর্ণিতভাবে অনুমোদান করার সিদ্ধান্ত গৃহীত হলো। প্রাপ্ত একক দরগুলি সরকারী দরের চেয়ে অধিক এবং সন্তোষজনক বিবেচিত হওয়ায় পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ এর ৩০ ধারার আলোকে অনুমোদন করা হলো ঃ-

| ক্রঃ/নং | দর দাতার নাম ও ঠিকানা | দোকান নম্বর | আয়তন | সরকারী দর প্রতি বর্গফুট | প্রদত্ত মোট দর | উদ্ধৃত দর প্রতি বর্গফুট | প্রাপ্ত দরপত্র |
|---|---|---|---|---|---|---|---|
| ১। | মেজর মোঃ শওকত হোসাইন(অবঃ) | এটি এম বুথ | ১০৯.৬৫ | ১৫০০০/- | ১৭,৫৪,৪০০/- | ১৬,০০০/- | ০১ টি |
| ২। | মেজর মোঃ শওকত হোসাইন(অবঃ) | এটি এম বুথ | ১০৯.৬৫ | ১৫০০০/- | ১৭,৫৪,৪০০/- | ১৬,০০০/- | ০১ টি |
| ৩। | লেঃ কর্নেল সিরাজুল ইসলাম, বিপি (বার) (অবঃ) | ব্যাংক স্পেস | ১৫০৮ | ১৫০০০/- | ২,৬৯,৯৯,৯৮৬/- | ১৭,৯০৪/৫০ | ০২টি |
| ৪। | জনাব নুরুল হক (সিআইপি) | ফাষ্ট ফ্লোর-৩ | ২৪৬.৩০ | ১৫০০০/- | ৫৬,৬৪,৯০০/- | ২৩,০০০/- | ০৩টি |

(ঘ) অনুমোদিত সর্বোচ্চ দরদাতার নিকট হতে প্রথম কিস্তির টাকা আদায়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করাসহ চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

(ঙ) নিম্নবর্ণিত দোকান/অফিস স্পেসের বিপরীতে ০১টি করে দরপত্র পাওয়ায় এবং প্রাপ্ত দরসমূহ সন্তোষজনক বিবেচিত না হওয়ায় তা অনুমোদন করা গেল না। সরকারি রাজস্ব বৃদ্ধির স্বার্থে ইজারা প্রদানের নিমিত্তে পুনঃদরপত্র আহ্বানের সিদ্ধান্ত গৃহীত হলো।

| ক্রঃ/নং | দর দাতার নাম ও ঠিকানা | দোকান নম্বর | আয়তন | সরকারী দর প্রতি বর্গফুট | প্রদত্ত মোট দর | উদ্ধৃত দর প্রতি বর্গফুট | প্রাপ্ত দরপত্র |
|---|---|---|---|---|---|---|---|
| ১। | মেজর মোঃ আলতাফ হোসেন (অবঃ) | সেকেন্ড ফ্লোর-৫ | ২৬৯.০১ | ১৪০০০/- | ২৪,২২,৪৩৫/- (সরকারী দরের চেয়ে কম) | ৯০০৫/- | ০১ টি |
| ২। | লেঃ কর্নেল মোঃ রেজাউল করিম (অবঃ) | সেকেন্ড ফ্লোর-১০ | ২৪৬.৩০ | ১৪০০০/- | ৩৫,০০,৭৭৭/- | ১৪২১৩/৪৬ | ০১ টি |

আলোচ্যসূচী-১৩ ঃ রজনীগন্ধা সুপার মার্কেটে বাণিজ্যিক ভিত্তিতে জেনারেটর স্থাপনের অনুমতি প্রদান প্রসংগে।

আলোচনা ঃ রজনীগন্ধা সুপার মার্কেটে হার্ডস্ট্যান্ডে জেনারেটর স্থাপনের মাধ্যমে বিদ্যুৎ সরবরাহের অনুমতি চেয়ে জনাব মেহেদী হাসান নজরুল ও অন্যান্য ০২ জন ১৫/৬/২০১০ তারিখে এবং জনাব মোঃ আনিছুর রহমান ৯/৯/২০১০ তারিখে অত্র দপ্তরে আবেদন করেছেন। উল্লেখ্য যে, উক্ত মার্কেটের লোড শেডিংয়ের সময় জেনারেটর স্থাপনের মাধ্যমে বিদ্যুৎ সরবরাহ করার জন্য অনুমতি চেয়ে রজনীগন্ধা সুপার মার্কেটে জেনারেটরের মাধ্যমে বিদ্যুৎ সরবরাহের ব্যাপারে গত ৩১/৮/২০১০ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-৮ এর মাধ্যমে উপস্থাপন করা হলে রজনীগন্ধা সুপার মার্কেটে শর্তাদি পালন সাপেক্ষে জেনারেটরের মাধ্যমে বিদ্যুৎ সরবরাহের অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত ঃ পরবর্তীতে আলোচনাক্রমে রজনীগন্ধা সুপার মার্কেটে শর্তাদি পালন সাপেক্ষে জেনারেটরের মাধ্যমে বিদ্যুৎ সরবরাহের অনুমতি প্রদান করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১৪ ঃ মিরপুর ডিওএইচএস কমার্শিয়াল কমপ্লেক্সে ১ম তলা তলার ৪৪ ও ৪৫ নং দোকানের সর্বোচ্চ দরদাতাগণ দোকান গ্রহণে অপারগতা প্রকাশ করায় তাঁদের জমাকৃত আর্নেস্ট মানি ফেরৎ প্রদান প্রসংগে।

আলোচনা ঃ মিরপুর ডিওএইচএস এলাকায় অফিস-কাম-শপিং কমপ্লেক্সে দোকান/স্পেস বরাদ্দের জন্য পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশের মাধ্যমে ২৩/৮/২০১০ তারিখে দরপত্র আহবান করা হলে লেঃ কর্নেল মোঃ শহীদুল ইসলাম(অবঃ) ১ম তলার ৪৪ নং দোকানের জন্য প্রতি বর্গফুট ১৮,৫০০/- হারে সর্বমোট ৩০,৪৪,৯১৫/-(ত্রিশ লক্ষ চুয়াল্লিশ হাজার নয়শত পনের) টাকা এবং তাশবিহা বিনতে শহীদ মিলা ১ম তলার- ৪৫ নং দোকানর জন্য প্রতি বর্গফুট ২০,০০০/- টাকা হারে সর্বমোট ৬১,৬১,২০০/-(একষট্টি লক্ষ একষট্টি হাজার দুইশত) টাকা সব্বোর্চ দর প্রদান করেন। উক্ত সব্বোর্চ দরদাতাগণ বর্নিত দোকান ০২ টি গ্রহনে অনিচ্ছা প্রকাশ করে জমাকৃত জামানত (৫০,০০০+৫০,০০০)=১,০০,০০০/-(এক লক্ষ) টাকা ফেরৎ চেয়ে ২৯/৮/২০১০ তারিখে অত্র দপ্তরে আবেদন করেছেন।

সিদ্ধান্ত ঃ মিরপুর ডিওএইচএস কমার্শিয়াল কমপ্লেক্সে ১ম তলা তলার ৪৪ ও ৪৫ নং দোকানের সর্বোচ্চ দরদাতাগণ দোকান গ্রহণে অপারগতা প্রকাশ করায় তাঁদের জমাকৃত আর্নেস্ট মানি বিধিমোতাবেক ফেরৎ প্রদান না করার সিদ্ধান্ত গৃহীত হলো।

চলমান পাতা-১০

আলোচ্যসূচী-১৫ ঃ ঢাকা সেনানিবাসস্থ স্টাফ রোড, সিএমএইচ, সেনাসদরের সামনে রাস্তার উভয় পার্শ্বে, সেনাকুঞ্জে, সেনা কেন্দ্রীয় মসজিদের রাস্তার পার্শ্বে এবং সেনাভবনসহ বিভিন্ন বাংলোয় রোপণের জন্য ২৭ (সাতাশ) প্যাকেট (প্রতিটি ১০০০ বীজ) ইনকা ফুলের বীজ ক্রয় প্রসংগে।

আলোচনা ঃ ঢাকা সেনানিবাসের বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানের সৌন্দর্য বর্ধনের নিমিত্তে রোপনের জন্য এন্টার হিনাম ফুলের বীজ ৫প্যাকেট (১০০০বীজের), ডায়াস্থাস ৮ প্যাকেট (১০০০বীজের), ডালিয়া ৫ প্যাকেট (১০০০বীজের), সালভিয়া ২০ প্যাকেট (১০০০বীজের), ডালিয়া কাটিং ২০০০টি পলিব্যাগে,চন্দ্রমল্লিকা কাটিং ৫০০টি, রাজগাদা ০৫ গ্রামের ০২ প্যাকেট সরবরাহের নিমিত্তে দরপত্র আহবান করা হলে ১৩ সেপ্টেম্বর, ২০১০ তারিখ ০৩ (তিন)টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে কুষ্টিয়া সীড স্টোর, প্লট নং-৭, ব্লক-এ, সেকশন-১১, মিরপুর, ঢাকা কর্তৃক এন্টার হিনাম ফুলের বীজ প্রতি প্যাকেট ২৫০০/-টাকা হিসেবে ৫প্যাকেট ফুলের বীজের জন্য ১২,৫০০/-, ৮ প্যাকেট ডায়াস্থাস ফুলের বীজের জন্য প্রতি প্যাকেট ৮০০০/-টাকা হিসেবে ৬৪,০০০/- টাকা, ডালিয়া ৫ প্যাকেট ফুলের বীজ প্রতি প্যাকেট ২৮০০/-টাকা হিসেবে ১৪,০০০/-টাকা, সালভিয় ২০প্যাকেট প্রতি প্যাকেট ২৮০০/-টাকা হিসেবে ৫৬,০০০/-টাকা, ডালিয়া কাটিং পলিব্যাগে ২০০০টি প্রতিটি ১৫/-টাকা হিসেবে ৩০,০০০/-টাকা, চন্দ্রমল্লিকার কাটিং ৫০০টি প্রতিটি ১৫/-টাকা হিসেবে ৭,৫০০/-টাকা, রাজগাদা ০৫গ্রামের ০২প্যাকেট প্রতি প্যাকেট ৫৭০০/-টাকা হিসেবে ১১,৪০০/-টাকাসহ মোট= ১,৯৫,৪০০/-(একলক্ষ পঁচানব্বই হাজার চারশত) টাকার সর্বনিম্নদর দাখিল করেন।

সিদ্ধান্ত ঃ কুষ্টিয়া সীড স্টোর, প্লট নং-৭, ব্লক-এ, সেকশন-১১, মিরপুর, ঢাকা কর্তৃক প্রদত্ত ১,৯৫,৪০০/-(একলক্ষ পচানব্বই হাজার চারশত) টাকার সর্বনিম্ন দরটি অনুমোদন করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১৬ ঃ ঢাকা সেনানিবাসস্থ বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানের সৌন্দর্য বর্ধনের নিমিত্তে বিভিন্ন প্রকার ফুলের বীজ ক্রয় প্রসংগে।

আলোচনা ঃ ঢাকা সেনানিবাসস্থ স্টাফরোড, সিএমএইচ, সেনাসদরের সামনে রাস্তার উভয় পার্শ্বে, সেনাকুঞ্জে, সেনা কেন্দ্রীয় সমজিদের রাস্তার পার্শ্বে এবং সেনা ভবনসহ বিভিন্ন বাংলোয় রোপনের জন্য ২৭ (সাতাশ) প্যাকেট (১০০০বীজের) ইনকা গাদা ফুলের বীজ সরবরাহের নিমিত্তে দরপত্র আহবান করা হলে ১৪ সেপ্টেম্বর, ২০১০ তারিখে ০৩ (তিন) টি দরপত্র পাওয়া যায়। তন্মমধ্যে কুষ্টিয়া সীড স্টোর, প্লট নং-৭, ব্লক-এ, সেকশন-১১, মিরপুর, ঢাকা কর্তৃক প্রতি প্যাকেট ফুলের বীজের জন্য ৭,২০০/-(সাত হাজার দুইশত) টাকা হিসেবে ১,৯৪,০০০/-(একলক্ষ চুরানব্বই হাজার) টাকার সর্বনিম্নদর দাখিল করেন।

সিদ্ধান্ত ঃ কুষ্টিয়া সীড স্টোর, প্লট নং-৭, ব্লক-এ, সেকশন-১১, মিরপুর, ঢাকা কর্তৃক প্রদত্ত ১,৯৪,০০০/-(একলক্ষ চুরানব্বই হাজার) টাকার সর্বনিম্ন দরটি অনুমোদন করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১৭ ঃ বিএএফ কুর্মিটোলার কঞ্জারভেন্সী কাজে নিয়োজিত ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ট্রাকের জন্য একটি ব্যাটারী ক্রয় প্রসংগে।

আলোচনা ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বিএএফ কুর্মিটোলা কঞ্জারভেন্সী এলাকার ময়লা/আবর্জনা সংগ্রহের কাজে নিয়োজিত গাড়ী নং ঢাকা মেট্রো-ন-৭৭৩৭ এর জন্য ০২(দুই)টি লুকাস ব্যাটারী ১২ ভোল্ট ২৭ প্লেট, সরবরাহের নিমিত্তে দরপত্র আহবান করা হলে ১৪ সেপ্টেম্বর, ২০১০ তারিক ০৩(তিন)টি দরপত্র পাওয়া যায়। তারমধ্যে টায়ার এন্ড ব্যাটারী বাজার ৬০, কাজী নজরুল ইসলাম এভিনিউ ফার্মগেট, ঢাকা কর্তৃক ২৯,৯৫০ (উনত্রিশ হাজার নয়শত পঞ্চাশ) টাকার সর্বনিম্ন দর দাখিল করেন।

সিদ্ধান্ত ঃ টায়ার এন্ড ব্যাটারী বাজার ৬০, কাজী নজরুল ইসলাম এভিনিউ ফার্মগেট, ঢাকা কর্তৃক প্রদত্ত ২৯,৯৫০ (উনত্রিশ হাজার নয়শত পঞ্চাশ) টাকার সর্বনিম্ন দরটি অনুমোদন করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১৮ ঃ ঢাকা সেনানিবাসস্থ আবাসিক এলাকায় নিয়োজিত ঘাস কাটার মেশিন (ইয়ার্ডম্যান) এর জন্য ব্যাটারী ক্রয় প্রসংগে।

আলোচনা ঃ ঢাকা সেনানিবাসস্থ আর্মি ইউনিট এবং আবাসিক এলাকায় নিয়মিতভাবে ঘাসকাটার নিমিত্ত ঘাসকাটার মেশিন (ইয়ার্ডম্যান) এর জন্য লুকাস ব্যাটারী ০১(এক)টি ১২ ভোল্ট ১১ প্লেট, সরবরাহের জন্য দরপত্র আহবান করা হলে ১৬ সেপ্টেম্বর, ২০১০ তারিখ ০৩(তিন)টি দরপত্র পাওয়া যায়। তারমধ্যে টায়ার এন্ড ব্যাটারী বাজার ৬০, কাজী নজরুল ইসলাম এভিনিউ ফার্মগেট, ঢাকা কর্তৃক ৮,৪৬৫/-(আট হাজার চারশত পঁয়ষট্টি) টাকার সর্বনিম্ন দর দাখিল করেন।

সিদ্ধান্ত ঃ টায়ার এন্ড ব্যাটারী বাজার ৬০, কাজী নজরুল ইসলাম এভিনিউ ফার্মগেট, ঢাকা কর্তৃক প্রদত্ত ৮,৪৬৫/- (আট হাজার চারশত পঁয়ষট্টি) টাকার সর্বনিম্ন দরটি অনুমোদন করার সিদ্ধান্ত গৃহীত হলো।

*চলমান পাতা-১১*

